যুগান্তর
24 NOV 2000
পৃষ্ঠা ১৫ কলাম ৫

ঢাবিতে ছাত্র ধর্মঘট চলছে

# ছাত্রলীগ ও শিক্ষক সমিতির মিছিল : ছাত্রদলের পাহারা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদ আহূত লাগাতার ছাত্র ধর্মঘটের চতুর্থ দিন বৃহস্পতিবার শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে। ছাত্রলীগ ধর্মঘটের সমর্থনে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে। ছাত্রদল ক্যাম্পাসে দিনভর পাহারা দেয়। ক্যাম্পাস ও হল থেকে অস্ত্রধারী সন্ত্রাসীদের বিতাড়নের দাবিতে শিক্ষক সমিতি দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। অন্যদিকে আবাসিক হলগুলোকে বহিরাগত ও অস্ত্রমুক্ত করার লক্ষ্যে যে কোন সময় হলে হলে বিডিআরের তল্লাশি হবে বলে উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ সাংবাদিকদের জানিয়েছেন। এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিডিআরকে পত্র দেয়া হয়েছে।

ছাত্রলীগের ওপর ছাত্রদলের হামলার প্রতিবাদে এবং হলে হলে সহাবস্থানের দাবিতে গত সোমবার থেকে ছাত্রলীগের নেতৃত্বাধীন ছাত্র সংগ্রাম পরিষদ ক্যাম্পাসে লাগাতার ধর্মঘট ডাকে। ধর্মঘট ও অবরোধের সমর্থনে ছাত্রলীগ বৃহস্পতিবার সকাল ৮টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে টিএসসি অভিমুখী মিছিল বের করে বলে জানান, সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব বাদশাহ মিয়া। তিনি জানান, মিছিলটি শামসুননাহার হলের মোড়ে পৌঁছলে টিএসসিতে ছাত্রদলের নেতাকর্মীদের পাহারা দেখা যায়। সংঘাত এড়াতে মিছিল আবার শহীদ মিনারে এসে সমাবেশে মিলিত হয়। সমাবেশে সভাপতি শেখ সোহেল রানা টিপু ও সাধারণ সম্পাদক সাজ্জাদ সাকিব বাদশাহ মিয়া বক্তৃতা করেন। মিছিলে অবরোধ ও ধর্মঘটের পক্ষে স্লোগান দেয় তারা। ছাত্রদল ধর্মঘট ও অবরোধীদের বিরুদ্ধে দিনভর ক্যাম্পাসে পাহারা দেয়। এছাড়া বেলা ১১টায় মধুর কেন্টিন থেকে একটি জঙ্গি মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক ঘুরে কার্জন হলে সমাবেশে মিলিত হয়। কার্জন হল শাখা সভাপতি ইব্রাহিমের সভাপতিত্বে সমাবেশে ঢাবি শাখা সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ, সহ-সভাপতি নুরুল ইসলাম মনি, মনিরুজ্জামান রেজিন, শহীদুল্লাহ হলের মামুন, ওহাব, এফএইচ হলের শুভ্র হাসান প্রমুখ বক্তৃতা করেন।

### যে কোন সময় হল তল্লাশি

উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ বৃহস্পতিবার স্বরাষ্ট্র সচিব ও বিডিআরের মহাপরিচালককে হলে হলে তল্লাশির প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য পত্র দিয়েছেন। জানা যায়, এ ব্যাপারে গতকালের পত্রটি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পঞ্চম দফা পত্র। উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ সাংবাদিকদের কাছে পত্র প্রেরণের কথা স্বীকার করে বলেন, যে কোন সময়ে হল তল্লাশি হবে। হল ও ক্যাম্পাসকে যে কোন মূল্যে বহিরাগত ও অবৈধ অস্ত্রমুক্ত করা হবে। প্রভোস্ট কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে পত্র প্রেরণ করা হয় বলে তিনি জানান।

### শিক্ষক সমিতির মিছিল

এদিকে ক্যাম্পাস ও হলকে অবৈধ অস্ত্র ও সন্ত্রাসীমুক্ত করে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতের দাবিতে শিক্ষক সমিতি দুপুরে ক্যাম্পাসে মৌন মিছিল বের করে। দুপুরে শতাধিক শিক্ষক অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়ে মিছিল বের করেন। এটি টিএসসি, দোয়েল চত্বর হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে শেষ হয়। এতে সভাপতি অধ্যাপক শরীফউল্লাহ ভূঁইয়া, সাধারণ সম্পাদক অধ্যাপক আখতারুজ্জামান, সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী, সাবেক সভাপতি অধ্যাপক আআমস আরেফিন সিদ্দিক, ডিন অধ্যাপক হারুন অর রশিদ প্রমুখ যোগ দেন। সংক্ষিপ্ত সমাবেশে নেতৃবৃন্দ ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতের দাবি জানান।